

## যীশুকে আমাদের মহান রাজারূপে মান্য করা

আমরা বিশ্বাসীগণ যীশুর আদেশ মান্য করি কারণ আমরা তাঁকে প্রেম করি।

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যায় F3b পাঠ করতে হবে।

**প্রার্থনা:** “প্রভু যীশু, তুমি আমাদের জন্য মৃত্যু বরণ করেছিলে, আবার জীবনে উত্থিত হয়েছিলে এবং প্রতাপে স্বর্গারোহন করেছিলে। আমার দল এবং আমি তোমাকে ভালোবাসি। তোমার আদেশ মান্য করার দ্বারা ভালবাসায় তোমার সেবা করতে আমাদের সাহায্য কর।”

### ১. বাধ্যতার বিষয় শিক্ষাদানের জন্য প্রার্থনায় এবং ঈশ্বরের বাক্য দ্বারা নিজেকে প্রস্তুত করুন।

বাধ্যতা কিভাবে আপনার দলকে শক্তিশালী করবে এবং সমস্ত তাড়না, দুঃখভোগ এবং প্রত্যাখানের বিরুদ্ধে দাঁড়াতে সাহায্য করবে তা স্তিফানের জীবন থেকে শিক্ষা করুন। যীশু কি করেছেন সেই বিষয়ে সাক্ষ্যদানের যীশুর আদেশের বাধ্য হওয়ার জন্য স্তিফানই ছিলেন প্রথম বিশ্বাসী যিনি সাক্ষ্যমর হয়েছিলেন (প্রেরিত ১ঃ৮)।



প্রেরিত ৭ঃ৫৪ - ৮ঃ৮ নিম্নলিখিত বিষয়গুলো খুঁজে বের করুন...

- ঈশ্বর থেকে আগত আশীর্বাদ যা স্তিফানকে পূর্ণ করেছিল।
- তিনি কি বিষয়ে সাক্ষ্য দিয়েছিলেন।
- তিনি কি দেখতে সক্ষম হয়েছিলেন।
- তিনি কি প্রার্থনা করেছিলেন।
- বিশ্বাসীরা যেখানেই যেতেন সেখানেই তারা কি করতে শুরু করেছিলেন?

যোহন ১৪ঃ১৫-২১ পদ থেকে নিম্নলিখিত বিষয়গুলো খুঁজুন...

- বিশ্বাসীদের কিভাবে যীশুর প্রতি তাদের প্রেম প্রদর্শন করা উচিত।
- যারা যীশুর আদেশের বাধ্য হন তাদের কাছে কিকি সুবিধা আসে।

ইব্রীয় ৫ঃ৮-৯ পদ থেকে খুঁজুন...

- যীশু নিজে কিভাবে বাধ্য হতে শিখেছিলেন।
- যারা যীশুর আদেশের বাধ্য হন তাদের কাছে কিকি সুবিধা আসে।

১ যোহন ২ঃ৩-৪ পদ থেকে খুঁজুন...

- কিভাবে আমরা নিশ্চিত হবে যে আমরা খ্রীষ্টকে জেনেছি।
- যারা যীশুর আদেশের বাধ্য হন তাদের কাছে কিকি সুবিধা আসে।

১ পিতর ১ঃ২ পদ থেকে খুঁজুন...

- কিভাবে আমরা নিশ্চিত হতে পারি যে ঈশ্বর আমাদের তাঁর নিজের জন্য মনোনীত করেছেন।
- যারা যীশুর আদেশের বাধ্য হন তাদের কাছে কি কি সুবিধা আসে।

প্রেরিত ৫ঃ২৭-৩২ পদে খুঁজুন...

- শত্রুপক্ষীয় কর্তৃপক্ষের কাছে সত্যভাবে উত্তর দানের জন্য কিভাবে আমরা সাহস লাভ করতে পারি।
- যারা যীশুর আদেশের বাধ্য হন তাদের কাছে কি কি সুবিধা আসে।

মথি ২৮ঃ১৬-২০ পদে খুঁজুন...

- যীশু তাঁর শেষ আদেশে কতখানি কতৃত্ব দিয়েছিলেন।
- যীশুর শিষ্য হবার জন্য অন্যদের সাহায্য করতে যীশু কিভাবে আমাদের আদেশ দিয়েছিলেন।
- যারা যীশুর আদেশের বাধ্য হন তাদের কাছে কি কি সুবিধা আসে।



১ পিতর ১ঃ১৩-২২ পদে খুঁজুন...

- বাধ্য খ্রীষ্টানগণ এই জগতে কিভাবে তাদের জীবন পরিচালিত করবেন।
- যারা যীশুর আদেশের বাধ্য হন তাদের কাছে কি কি সুবিধা আসে।

প্রকাশিত বাক্য ১৪ঃ১২-১৩ পদে খুঁজুন...

- শেষ পর্যন্ত খ্রীষ্টানগণ কিভাবে যীশুর কাছে বিশ্বস্ত থাকতে পারেন।
- যারা যীশুর আদেশের বাধ্য হন তাদের কাছে কি কি সুবিধা আসে।

নিচের বাঁ দিকে কতকগুলো শাস্ত্রাংশ দেওয়া হয়েছে এবং ডানদিকে যীশুর কয়েকটি আদেশ দেওয়া হয়েছে যে আদেশগুলো যিরুশালেমের নূতন বিশ্বাসীগণ বিশ্বাসী হওয়ার সঙ্গে সঙ্গেই অনুশীলন করতে শুরু করেছিলেন। বাম দিকের প্রতিটি পদ থেকে ডান দিকের সঠিক কাজটি পর্যন্ত রেখা টানুন।

লুক ২২ঃ১৯-২০	প্রেমপূর্ণ সহযোগিতা
যোহন ১৩ঃ৩৪	রুটী ভাঙ্গা
লুক ৬ঃ৩৮	বাণ্ডিস্ম দান
মথি ২৮ঃ১৯-২০	যীশুর নামে প্রার্থনা করা
যোহন ১৬ঃ২৪	উদারভাবে দান করা

২. সপ্তাহব্যাপী যে কাজগুলো করতে হবে সেই বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

বর্তমান প্রয়োজনের সঙ্গে সাযু্যপূর্ণ কার্যকলাপ পছন্দ করুন। সম্ভবতঃ আপনি .....

- যে বিশ্বাসীরা দুঃখভোগ করছেন অথবা তাদের বিশ্বাসের জন্য কারাগারে আছেন, আপনি তাদের পরিদর্শন করতে যাবেন এবং প্রথম অংশের বাইবেলের পদ থেকে তাদের উৎসাহিত করবেন।

- আপনার তাড়নাকারীদের নাম দ্বারা চিহ্নিত করুন এবং তাদের জন্য প্রার্থনা করুন যাতে ঈশ্বর তাদের আশীর্বাদ করেন এবং নিজেকে তাদের কাছে জ্ঞাত করেন।
- বিশ্বাসীরা কিভাবে তাড়নার প্রতি সাড়া দেবেন এবং কিভাবে আপনি তাদের যীশুর প্রতি বাধ্য থাকতে সাহায্য করতে পারেন সেই বিষয়ে আলোচনা করুন এবং প্রভুর আরাধনা করুন। তাঁর প্রতি বিশ্বস্ত থাকার জন্য শক্তি যাজ্ঞা করুন।

৩. আসন্ন আরাধনার সময়ের জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

বর্তমান প্রয়োজন এবং স্থানীয় রীতি অনুসারে কার্যকলাপ পছন্দ করুন।

প্রেরিত ৭ঃ৫১ - ৮ঃ৮ পদ থেকে স্ত্রিফানের সাক্ষ্যমর হওয়ার ঘটনাটি পুনরায় বলুন অথবা অভিনয় করে দেখান।

বিভাগ একের অন্তর্ভুক্ত বাইবেল পদের তালিকার বিষয়গুলো নিয়ে বিশ্বাসীদের সঙ্গে পর্যালোচনা করুন। আপনি যা খুঁজে পেয়েছেন সেই বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করুন। তাদের কথা বলতে উৎসাহিত করুন। তারা যদি সঠিকভাবে উত্তর দিতে না পারেন তবে তাদের সঠিক উত্তরগুলো বলে দিন।

গতমাসে যীশুর কয়েকটি আদেশের বাধ্য হওয়ার জন্য ঈশ্বর তাদের কিভাবে আশীর্বাদ করেছিলেন সেই বিষয়ে বিশ্বাসীদের সাক্ষ্য বা রিপোর্ট দিতে বলুন।

শিশুদের বড়দের কাছে নাটক অথবা পাঠ উপস্থাপিত করতে বলুন যা তারা প্রস্তুত করছে।

প্রভুর ভোজ পরিবেশনের পূর্বে প্রকাশিত বাক্য ১৯ঃ৫-১০ পদে মেসশাবকের বিবাহ নৈশ ভোজের বিষয়টি পাঠ করুন। ব্যাখ্যা করুন যে প্রভুর ভোজ আমাদের পৃথিবীতে যীশুর ফিরে আসার প্রতি এবং তার সঙ্গে আমরা যে মহাভোজে অংশ গ্রহণ করবো সেই বিষয়টির প্রতি লক্ষ্য রাখতে সাহায্য করে।



পরস্পরের প্রয়োজনের কথা শোনার জন্য, পরস্পরের প্রতি উৎসাহজনক কথা বলার জন্য এবং বিশ্বাসীদের শত্রুদের ও তাড়নাকারীদের নিমিত্ত প্রার্থনা করার জন্য আরাধনাকারীদের নিয়ে ছোট ছোট দল গঠন করুন।

রোমীয় ৬ঃ১৭-১৮ পদ দুটি একসঙ্গে মুখস্থ করুন।